

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৭৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. দ্বিতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

আরবী

وَعَنْهَا قَالَتْ: مَا صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعِشَاءَ قَطُّ فَدَخَلَ عَلَيَّ إِلَّا صلى أَربع رَكْعَات أَو سِت رَكْعَات. رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

১১৭৫-[১৭] 'আয়িশাহ্ (রাঃ) থেকে এ হাদীসটিও বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম যে সময়ই 'ইশার সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে আমার নিকট আসতেন, চার অথবা ছয় রাক্'আত সুন্নাত সালাত (সালাত/নামায/নামাজ) অবশ্যই আদায় করতেন। (আবৃ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ১৩০৩, সুনান আল কুবরা লিল বায়হাক্কী ৪১৮৭। কারণ এর সানাদে মুক্কাতিল ইবনু বাশীর একজন অপরিচিত রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (عنلَى أَرِبَعَ رَكْعَاتِ) চার রাক্'আত সালাত আদায় করতেন অর্থাৎ দুই রাক্'আত সুন্নাত মুয়াক্কাদাহ্, আর দুই রাক্'আত নফল। ইমাম যুরকানী মাওয়াহিব এর ভাষ্য গ্রন্থে বলেন, 'আয়িশাহ্ (রাঃ) বলেছেন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন 'ইশার সালাত আদায় করে আমার ঘরে আসতেন তখন কখনো চার রাক্'আত আবার কখনো ছয় রাক্'আত সালাত আদায় করতেন। মুসলিমে বর্ণিত হয়েছে যে, 'আয়িশাহ্ (রাঃ) বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের নিয়ে 'ইশার সালাত আদায় অন্তে আমার ঘরে প্রবেশ করে দুই রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন।

এ হাদীসগুলো থেকে জানা যায় যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'ইশার সালাতের পর কখনো দুই কখনো চার আবার কখনো ছয় রাক্'আত সালাত আদায় করতেন সুযোগ অনুযায়ী।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন